গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি কলেজ, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪১৪৩৫, ইমেইল: principal_sgc@yahoo.com
ওয়েবসাইট- https://www.sylgovcollege.edu.bd

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণিতে ১ম মেধা তালিকায় ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ১৮/০৩/২০২৪

এতদ্দ্বারা সিলেট সরকারি কলেজে স্নাতক (সম্মান) শেণিতে ১ম বর্ষ (শিক্ষাবর্ষ: ২০২৩-২৪) কোর্সের অর্থনীতি/ বাংলা/রাষ্ট্রবিজ্ঞান/হিসাববিজ্ঞান/ব্যবস্থাপনা বিষয়ের ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্নাতক (সম্মান) শেণিতে ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১০/০৩/২০২৪ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির (সংযুক্ত) সকল নীতিমালা অনুসৃত হবে। ১ম মেধা তালিকার ফলাফল **SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে)** এর মাধ্যমে জানা যাবে অথবা ভর্তি বিষয়ক ওয়েবসাইট (**www.nu.ac.bd/admissions** ) থেকেও জানা যাবে।

**শিক্ষার্থীর করণীয়:**

| ক্র.নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (i) | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>এ লক্ষ্যে শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট **www.nu.ac.bd/admissions** এর **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। | ১৮/০৩/২০২৪ থেকে ০১/০৪/২০২৪ |
| (ii) | আবেদনকারী কর্তৃক আবেদন ফরমের Admission Roll এর মাধ্যমে ভর্তি ফি বাবদ ৫,০৭৫/- (পাঁচ হাজার পঁচাত্তর) টাকা (http://fee.com.bd/sylgc) ওয়েবসাইটে প্রবেশ করে TAP (Trust Axiata Pay)- এর মাধ্যমে জমা দেয়ার তারিখ: | ১৯/০৩/২০২৪ থেকে ০২/০৪/২০২৪ |

১। শিক্ষার্থীকে **TAP** -এ টাকা জমা দিয়ে প্রাপ্ত **SMS** থেকে ট্রানজেকশন নম্বরটি সংগ্রহ করে ভর্তি ফরমে অনলাইন কপির নিচে লিখতে হবে। ভর্তি প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত **TAP** -এর **SMS** টি সংরক্ষণ করে রাখতে হবে।
২। শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত কাগজপত্রাদি কলেজের অনার্স ভবন অফিসে জমা দিতে হবে।

**ভর্তির আবেদনের সাথে যে যে কাগজপত্রাদি কলেজে জমা দিতে হবে:**

১। অনলাইনে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম।
২। এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল মার্কশীট।
৩। এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল মার্কশীট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
৪। পাসপোর্ট সাইজের ০৪ কপি ও স্ট্যাম্প সাইজের ০২ কপি ছবি। ছবির পিছনে নাম ও **Admission Roll** লিখতে হবে।
৫। ১০ x ১২ ইঞ্চি একটি খাম এবং খামের উপরে নাম, ঠিকানা ও ফোন নম্বর লিখতে হবে।

**কলেজে ভর্তির সময়সূচী:**
**১৯/০৩/২০২৪ হতে ০২/০৪/২০২৪ তারিখ সকাল ১১ টা হতে দুপুর ২ টা পর্যন্ত।**
**স্থান: অনার্স ভবন**

প্রতিস্বাক্ষর,

১৮/৩/২০২৪
অধ্যক্ষ
সিলেট সরকারি কলেজ, সিলেট।

18.03.24
আহ্বায়ক
স্নাতক (সম্মান) ভর্তি কমিটি- ২০২৪
সিলেট সরকারি কলেজ, সিলেট।

CamScann

NU Honour's Admission 2023-24

# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৪/২৯১৩ — তারিখ: ১৩/০৩/২০২৪

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকা ১৮ মার্চ ২০২৪ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৭ মার্চ ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করা হবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২১ এপ্রিল ২০২৪ তারিখ থেকে শুরু হবে।

<u>১ম মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে</u>

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১) | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি নিতে হবে। | ১৮/০৩/২০২৪ থেকে ০১/০৪/২০২৪ |
| ২) | ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে চূড়ান্ত ভর্তি ফরমসহ রেজিস্ট্রেশন ফি বাবদ ৫৬৫/- (পাঁচশত পঁয়ষট্টি) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ: | ১৯/০৩/২০২৪ থেকে ০২/০৪/২০২৪ |
| ৩) | কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ: কলেজ কর্তৃপক্ষকে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি অথবা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে। | ১৯/০৩/২০২৪ থেকে ০৩/০৪/২০২৪ |
| ৪) | সংশ্লিষ্ট কলেজকে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [৫৬৫/- (পাঁচশত পঁয়ষট্টি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Honours) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১৫/০৪/২০২৪ থেকে ১৮/০৪/২০২৪ |

১৩.০৩.২০২৪

(প্রফেসর ড. মো: নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯৯৬৬৯১৫৬৮

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৪/২৯১৩ — তারিখ: ১৩/০৩/২০২৪

অনুলিপি :

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অফিস কপি

১৩.০৩.২০২৪

(মো: কামরুল ইসলাম)
উপ-রেজিস্ট্রার (সম্মান)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল- *drughonours@gmail.com*

CamScann